

আমরা রাষ্ট্রহীন মানুষ, কর্মী, সংগঠন এবং রাষ্ট্রহীনতা দূরীকরণ, সমান জাতীয়তা অধিকার অর্জন এবং সমস্ত রাষ্ট্রহীন মানুষের মানবাধিকার আদায়ের জন্য নিবেদিত ব্যক্তিদের একটি বিশ্ব সম্প্রদায়।

আমরা একত্রিত হয়েছি কারণ লক্ষ লক্ষ লোক আজ তাদের রাষ্ট্রের অধিকার থেকে বঞ্চিত এবং রাষ্ট্রহীনতার দুর্বিষহ যন্ত্রণার সম্মুখীন। আমরা একত্রিত হয়েছি কারণ অগণিত মানুষের রাষ্ট্রের অধিকার আজ পতনের মুখে।

আমরা আমাদের অন্তর্নিহিত মানবিকতা এবং সকল মানুষের সমান মর্যাদা ও অধিকারকে স্বীকৃতি দিই এবং তাকে কাজের মাধ্যমে দৃঢ়তা প্রদান করি।

রাষ্ট্রহীনতার দ্বারা প্রত্যক্ষভাবে প্রভাবিত ব্যক্তিদের কেন্দ্রে রেখে আমরা এই আন্দোলনে নেমেছি। তাদের দক্ষতা এবং জীবনের অভিজ্ঞতাকে আমাদের মিশনের জন্য স্বীকৃতি দিয়েই এই আন্দোলন আজ পরিচালিত হচ্ছে।

আমরা ন্যায়সঙ্গত শাসন, রাষ্ট্রকার্যে ও জীবনে স্বচ্ছতা, সম্মিলিত আত্ম-প্রতিফলন এবং একে অপরের প্রতি দায়বদ্ধতার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

আজ আমরা একে অপরের বাহু প্রসারিত করে এক দৃঢ় কল্পনা নিয়ে এক সাথে সম্মিলিত হয়েছি। আমরা একতা ও সমতার ভাষায় আজ নিজেদের আবদ্ধ করে দয়া, ধৈর্য এবং পারস্পরিক শ্রদ্ধার সহিত এই আন্দোলনে সবাই নেতৃত্ব দিচ্ছি।

আমরা মানুষের নিজের মনের ভাষায় ও তাদের প্রত্যয়ে সবার কাছে পৌঁছতে চাই।

আমরা বৈষম্যমুক্ত বিশ্বকে উপলব্ধি করার জন্য সামাজিক রূপান্তরের সম্ভাবনায় বিশ্বাস করি, যার ব্যতিরেকে রাষ্ট্রহীনতা আজ সারা বিশ্বে ছড়িয়ে পড়েছে।

আমরা স্বীকার করি যে এর জন্য ক্ষমতায় থাকা ব্যক্তিদের দায়বদ্ধতা ঠিক করা এবং কাঠামোগত পরিবর্তন অনুসরণ করা খুব প্রয়োজন।

আমরা আন্তর্জাতিক, আঞ্চলিক এবং জাতীয় স্তরে রাষ্ট্রহীন মানুষের কণ্ঠস্বরকে উন্নীত ও প্রসারিত করতে, নীতি নির্ধারকদের প্রভাবিত করতে, বৃহত্তরভাবে সম্প্রদায়কে শিক্ষিত করতে এবং বিশ্ব পরিবর্তনকে অনুপ্রাণিত করতে দৃঢ় প্রতিজ্ঞ।

আমরা একটি নতুন গতিশীল আন্দোলন করার লক্ষ্য রাখি যা রাষ্ট্রহীন লোকদের ক্ষমতায়ন করবে, আমাদের একাত্ম করা মানবতার গভীর উপলব্ধিকে অনুপ্রাণিত করবে এবং সর্বোপরি সকলের জন্য রাষ্ট্রের অধিকার সুনিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করবে।

আমরা সমস্ত রাষ্ট্রহীন মানুষ এবং গোষ্ঠীসমূহের সহিত সুশীল সমাজের মেলবন্ধন ঘটানোর জন্য দৃঢ়প্রতিজ্ঞ। এই মেলবন্ধন এমন একটি প্রয়াস যেখানে সবাই বিনা ভয়ে তাদের চিন্তা ও তাদের কথা বলতে পারবেন এবং জ্ঞান ভাগাভাগির মাধ্যমে নিপীড়িত মানুষের জন্য আরো বেশি করে ওকালতি করতে পারবেন।

আমরা ভালোভাবে জানি যে রাষ্ট্রহীনতার পিছনে বহু কারণ ও প্রভাব ওতপ্রোত ভাবে জড়িত। আমাদের আন্দোলন ততক্ষণ অসম্পূর্ণ যতক্ষণ না আমরা সব সামাজিক লড়াইয়ের পাশে দাঁড়াচ্ছি। আমরা তৃণমূল থেকে আন্তর্জাতিক স্তরে বিভিন্ন সামাজিক আন্দোলনের নেতা থেকে কর্মীদের চিহ্নিত করে, তাদের আমাদের রাষ্ট্রহীন মানুষের আন্দোলনের গুরুত্ব বুঝিয়ে একসাথে কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

আমরা এমন একটি বিশ্বের কল্পনা করি যেখানে সর্বজনের মানবাধিকার - এবং আরো বেশি গুরুত্বপূর্ণ সবার রাষ্ট্রের অধিকারকে সম্মান ও মান্যতা দেওয়া হবে।

আমরা আত্মবিশ্বাসী যে রাষ্ট্রহীনতার মূল কারণগুলিকে সমাধান করা এবং বিশ্বের প্রতি আমাদের দৃষ্টিভঙ্গি উপলব্ধি করলে পৃথিবীর সব মানুষ উপকৃত হবে।